

সাউথ এশিয়ান ইউনিভার্সিটির ৩য় সমাবর্তনে ইউজিসি চেয়ারম্যানের যোগদান

বাংলাদেশি শিক্ষার্থীর স্বর্ণপদক লাভ



ঢাকা, ০৮ জুন, এবিনিউজ : বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান বৃহস্পতিবার নয়া দিল্লির প্রবাসী ভারতীয় কেন্দ্রে অনুষ্ঠিত সাউথ এশিয়ান ইউনিভার্সিটির (এসএইউ) তৃতীয় সমাবর্তনে যোগদান করেন। প্রফেসর মান্নান বিশ্ববিদ্যালয়টির বোর্ড-এর একজন সম্মানিত সদস্য।

নেপালের শিক্ষামন্ত্রী গিরি রাজ মানি পোখরেল সমাবর্তন অনুষ্ঠানে ১৬০ জন শিক্ষার্থীকে মাস্টার্স, এমফিল এবং পিএইচডি ডিগ্রি প্রদান করেন। এর মধ্যে ৬ জন শিক্ষার্থী পিএইচডি এবং ১০ জন এমফিল ডিগ্রি অর্জন করেন।

সাউথ এশিয়ান ইউনিভার্সিটি প্রথমবারের মতো পিএইচডি ডিগ্রি প্রদান করেছে। উচ্চশিক্ষায় অসামান্য অবদানের জন্য বাংলাদেশের কৃতি শিক্ষার্থী মোঃ মাইনুদ্দিন কম্পিউটার সাইন্স-এ পিএইচডি প্রোগ্রামে স্বর্ণপদক লাভ করেন।

এসএইউ'র গভর্নিং বোর্ডের সভাপতি প্রফেসর ড. প্রাসার প্রসাদ কৈরালার সভাপতিত্বে অনুষ্ঠানে ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন্স (আইসিসিআর) এর সভাপতি এবং রাজ্যসভার সদস্য ড. বিনয় সহস্রবুদ্ধি সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন।

এসএইউ সভাপতি ড. কবিতা এ শর্মা অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন। সার্কের মহাসচিব আমজাদ হোসেন বি সিয়ালসহ এসএইউ'র সার্কভুক্ত দেশসমূহের সদস্যবৃন্দ অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে বক্তারা সার্কভুক্ত দেশসমূহে দারিদ্র, নিরক্ষরতা ও আয়ের বৈষম্য রোধে সম্মিলিতভাবে কাজ করার আহবান জানান।

সার্ক (বাংলাদেশ) মহাপরিচালক ও এসএইউ'র বোর্ড সদস্য শামসুল হক সমাবর্তন অনুষ্ঠানে যোগদান করেন। উল্লেখ্য, সাউথ এশিয়ান ইউনিভার্সিটি ২০০৫ সালে সার্কভুক্ত সব দেশের উদ্যোগে প্রতিষ্ঠিত এবং ২০১০ সালে এর একাডেমিক কার্যক্রম শুরু হয়। ২০১৯ সালে বিশ্ববিদ্যালয়টি দক্ষিণ দিল্লির ময়দান গড়িতে স্থায়ী ক্যাম্পাসে তাদের শিক্ষা কার্যক্রম শুরু করবে।

এবিএন/ফরিদুজ্জামান/জসিম/এফডি

<http://www.abnews24.com/campus/4227/%E0%A6%B8%E0%A6%BE%E0%A6%89%E0%A6%A5-%E0%A6%8F%E0%A6%B6%E0%A6%BF%E0%A7%9F%E0%A6%BE%E0%A6%A8-%E0%A6%87%E0%A6%89%E0%A6%A8%E0%A6%BF%E0%A6%AD%E0%A6%BE%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%B8%E0%A6%BF%E0%A6%9F%E0%A6%BF%E0%A6%B0-%E0%A7%A9%E0%A7%9F-%E0%A6%B8%E0%A6%AE%E0%A6%BE%E0%A6%AC%E0%A6%B0%E0%A7%8D%E0%A6%A4%E0%A6%A8%E0%A7%87-%E0%A6%87%E0%A6%89%E0%A6%9C%E0%A6%BF%E0%A6%B8%E0%A6%BF-%E0%A6%9A%E0%A7%87%E0%A7%9F%E0%A6%BE%E0%A6%B0%E0%A6%AE%E0%A7%8D%E0%A6%AF%E0%A6%BE%E0%A6%A8%E0%A7%87%E0%A6%B0-%E0%A6%AF%E0%A7%8B%E0%A6%97%E0%A6%A6%E0%A6%BE%E0%A6%A8>